দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।
ISO 9001:2015 Certified

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০২.০০৮.২৩. ১২৫৬

তারিখঃ ০৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।
২৩ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি "

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী প্রাক্তন মিটার রিডার / ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)<br><br>**০৮ জন**<br>(যা কম বেশী হতে পারে) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিসের প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী মূল বেতন অথবা পবিস বেতন কাঠামো-২০১৬ এর সংশ্লিষ্ট পদের প্রারম্ভিক বেতন, যা বেশি তদানুযায়ী বেতন নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১) **বয়সসীমাঃ** ১৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়স ৫২ (বায়ান্ন) বছর । প্রার্থী ০৩ বছর মেয়াদী সর্বোচ্চ ০৩ (তিন) টি চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০২) **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর/১২ (বার) বছর/ ১৫ (পনের) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। (অভিজ্ঞতাবিহীন নতুন প্রার্থী/ খন্ডিত চুক্তি/চুক্তি বাতিল/অপসারণ/চাকুরীচ্যুতদের আবেদন করার প্রয়োজন নাই)।<br>০৩) **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ (দিনাজপুর পবিস-২) কর্তৃক দ্বিতীয় পক্ষের (মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের) কর্মমূল্যায়ন করা হবে। ধারাবাহিকভাবে ০৩ (তিন) টি কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সম্পাদিত চুক্তির মেয়াদ ০৩ (তিন) বছর পূর্তির সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে অত্র পবিস-এ সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ (পঞ্চান্ন) বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চুক্তি নবায়ন করা হবে।<br>০৪) **নিয়োগ পদ্ধতিঃ** বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগ প্রদানের লক্ষ্যে প্যানেল প্রস্তুত করা হবে। |

০১) **আবেদন পত্র পূরণ ও জমাদান :** দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.dinajpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে/ টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২) **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে :**

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত ফটোকপি;

(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা/ সিটি কর্পোরেশন এর মেয়র, ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি;

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদপত্র"/ "সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

**অন্যান্য শর্তাবলীঃ**

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

খ) জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের বোর্ড বিভাগ সচিবালয় এর স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৩১.৫১৭.১৮.৩৪৮, তারিখঃ ০৩ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ ও মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। একাধিক পবিস-এ চাকুরী সম্পন্নকারীগণকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) ইতোপূর্বে যারা অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক) / ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কিংবা বোর্ডপরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ছ) তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

জ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঝ) দিনাজপুর জেলার প্রার্থীগণ উল্লিখিত পদে আবেদন করতে পারবেন না।

ঞ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা/অভিজ্ঞতা/অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোন সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে ব্যর্থ হলে/সনদপত্র গ্রহনযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ের কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে চাকুরীতে যোগদান করতে দেওয়া হবে না।

ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

ঢ) আবেদনপত্র ও খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ণ) প্রাপ্ত আবেদন পত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূন্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে ।

ত) বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/০৩/১৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২) পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ )।
৫) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৬) জেলা প্রশাসক,দিনাজপুর ।
৭) পুলিশ সুপার, দিনাজপুর।
৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------------পবিস-১/২/৩/৪ ।
৯) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী/বিরামপুর/ঘোড়াঘাট/হাকিমপুর/পার্বতীপুর/নবাবগঞ্জ, দিনাজপুর।
১০) ডিজিএম, সদর দপ্তর-কাহিরোল/পার্বতীপুর/ঘোড়াঘাট/নবাবগঞ্জ জোনাল অফিস, দিপবিস-২।
১১) এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
১২) এজিএম (প্রশাসন/অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি),দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২।
১৩) এজিএম (আইটি),দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২; (ফরমসহ বিজ্ঞপ্তিটি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২।
১৫) অফিস কপি/মাস্টার কপি।

২৫/০৩/১৩

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)।

E:\Bipasha Desk\02.008 (নিয়োগ সংক্রান্ত)\MRCM\Meter Reader cum Massanger (নিয়োগ বিজ্ঞপ্তি).doc

**ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ-----------------**

## দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে প্যানেলভুক্তি /নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা / আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-

০২. আবেদনকৃত পদের নামঃ মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার।

০৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক।

...............................................
০৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

...............................................
০৫. প্রকাশনার তারিখ

...............................................
০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

...............................................
( বড় হাতের অক্ষরে ইংরেজীতে )

...............................................
০৭. জন্ম তারিখ ( এসএসসি পরীক্ষার সনদ / নিবন্ধন অনুযায়ী)

........./........./............ (দিন/মাস/বছর)

...............................................
০৮. মাতার নাম

০৯. বয়স ( ১৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখে )

...............................................
১০. পিতার নাম

...............................................
১১. ধর্ম

...............................................
১২. জাতীয়তা

...............................................
১৩. নিজ জেলা

...............................................
১৪. টেলিফোন / মোবাইল ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (✓) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

| ............................. | ............................. | ............................. | ............................. |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ............................. | ............................. | ............................. | ............................. |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা / থানা | ঘ. জেলা |



23.03.23
মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে): ............................ বৎসর।

| অফিসের নাম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ | চাকুরী পরিত্যাগের কারণ | চাকুরীকাল (বছর) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................................... ....................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

23.03.23

মোঃ আশরাফুল ইসলাম
এজিএম (প্রশাসন)
দিনাজপুর পবিস-২